বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০১.০৩১.২৩. ১১৪ তারিখ: ০৩ মার্চ, ২০২৬ খ্রি.

বিষয় : স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক Micro-Financing & related management to improve the livelihood of pro-poor people এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের জন্য প্রস্তুতি গ্রহণ।

সূত্র : নং-৮২.০০.০০০০.০০০.০৬২.৯৯.০০৫৭.২৫.৩০ তারিখ: ২৬-০২-২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি Micro-Financing & related management to improve the livelihood of pro-poor people এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের জন্য নির্ধারণ করা হয়েছে। সে আলোকে তাঁর উপজেলায় শুরু হতে ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণের সকল নথিপত্র (ঋণের আবেদন ফরম, ঋণ বিতরণ সনদ, ব্যাংক এডভাইস ইত্যাদি), জমা-খরচ বহি, সাধারণ খতিয়ান, সমিতিভিত্তিক কর্জ খতিয়ানসহ সকল রেজিস্টার হালনাগাদ রাখার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

০৩/০৩/২৬
মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন : ৪১০১০৩৪১

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (প্রকল্পভুক্ত)
বিআরডিবি
উপজেলা: ..............., জেলা: ..................।

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ............... (প্রকল্পভুক্ত)।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ............., জেলা: ................।
৫. পরিচালক (পরিকল্পনা) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।

বাংলাদেশের

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

একাউন্টস এন্ড রিপোর্ট উইং

"অডিট ভবন"

৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০

www.cag.org.bd

নং- ৮২.০০.০০০০.০০০.০৬২.৯৯.০০৫৭.২৫-৩০ তারিখ: ২৬.০২.২০২৬ খ্রি.

সিএজি কার্যালয়ের স্মারক নং- ৮২.০০.০০০০.০০০.০৬২.৯৯.০০৫৭.২৫-২৭; তারিখ: ১৯.০২.২০২৬ খ্রি. এর মাধ্যমে বিগত ২৩.০২.২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় এ কার্যালয়ের "এম হাফিজউদ্দিন খান" সভাকক্ষে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় এর উপস্থিতিতে স্পেশাল অডিট সম্পাদনের নিমিত্ত টপিক চূড়ান্তকরণ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১০টি অডিট অধিদপ্তরের মহাপরিচালকগণ ধারাবাহিকভাবে পূর্বের সুপারিশকৃত স্ব স্ব নিরীক্ষার আওতাধীন টপিকের ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপনা প্রদান করেন। **বিস্তারিত পর্যালোচনা শেষে স্পেশাল অডিট এবং অডিট সংক্রান্ত সার্বিক বিষয়ে গৃহীত সিদ্ধান্ত নিচে উল্লেখ করা হলো।**

**স্পেশাল অডিট:**

| ক্র. নং | অডিট অধিদপ্তরের নাম | প্রেরিত টপিক | প্রাথমিকভাবে সুপারিশকৃত টপিক | চূড়ান্তকৃত টপিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | বাণিজ্যিক অডিট অধিদপ্তর | ১. বেসিক ব্যাংকের নির্বাচিত অডিট আপত্তির ওপর ফলোআপ অডিট<br>২. বাংলাদেশ ইস্পাত প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর বন্ধ প্রতিষ্ঠানসমূহের সম্পদ ব্যবস্থাপনা<br>৩. বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর আয় সংক্রান্ত বিষয়<br>৪. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প (বিসিক) এর বিভিন্ন শিল্পনগরীর শিল্প প্লট বরাদ্দ ও সার্ভিস চার্জ আদায়<br>৫. শিল্প মন্ত্রণালয়ের পুঁজি প্রত্যাহার নীতিমালার আওতায় পুঁজি প্রত্যাহারকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহের বিক্রয়মূল্য অনাদায়ী | ১. বাংলাদেশ ইস্পাত প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর বন্ধ প্রতিষ্ঠানসমূহের ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে।<br>২. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প (বিসিক) এর বিভিন্ন শিল্পনগরীর শিল্প প্লট বরাদ্দ ও সার্ভিস চার্জ আদায় ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে। | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প (বিসিক) এর বিভিন্ন শিল্পনগরীর **শিল্প প্লট বরাদ্দ এর** ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়। | চূড়ান্তকৃত টপিকের ওপর পুনরায় অধিকতর যাচাই, গুরুত্ব এবং ইমপ্যাক্ট বিবেচনায় নিয়ে বিশেষ নিরীক্ষা কার্য সম্পাদন করা যায় কিনা সে বিষয়ে আগামী ০৫.০৩.২০২৬ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়কে অবহিত করতে হবে। |

| ক্র. নং | অডিট অধিদপ্তরের নাম | প্রেরিত টপিক | প্রাথমিকভাবে সুপারিশকৃত টপিক | চূড়ান্তকৃত টপিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | সংশোধিত)<br>৬. বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (BRTC) এর মেরামত, সংরক্ষণ ও জ্বালানি সংক্রান্ত ব্যয় (অর্থবছর: ২০২৪-২০২৫) | | | |
| ৬. | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর | 1. IUGIP: Civil Works<br>2. Chattogram Hill Tracts (CHT): Civil Works in the Chittagong Hill Tracts (CHT) to improve the accessibility and economic activity of Tribal People.<br>3. Dhaka North City Corporation (DNCC): Revenue Collection<br>4. Rural Development and Cooperatives Division (PDBF, BRDB): Micro-Financing & related management to improve the livelihood of pro-poor people.<br>5. Dhaka WASA: Dasherkandi Sewerage Treatment Plant (STP) | 1. Dhaka North City Corporation (DNCC): Revenue Collection এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে।<br><br>২. Rural Development and Cooperatives Division (PDBF, BRDB): Micro-Financing & related management to improve the livelihood of pro-poor people এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে। | Rural Development and Cooperatives Division (PDBF, BRDB): Micro-Financing & related management to improve the livelihood of pro-poor people এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়। | চূড়ান্তকৃত টপিকের ওপর প্লান প্রণয়নপূর্বক যথাসময়ে বিশেষ নিরীক্ষা কার্য সম্পাদন করতে হবে। |
| ৭. | শিক্ষা অডিট অধিদপ্তর | ১. জাতীয়করণকৃত সরকারি কলেজসমূহ<br>২. বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তা এবং কর্মচারীদের বেতন নির্ধারণ (উন্নীতকরণ ও পদোন্নতি)।<br>৩. বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা এবং কর্মচারীদের পেনশন নির্ধারণ (৫৯ বছরেরর অধিক সময় গণনা করে পেনশন সুবিধা প্রদান)<br>৪. বেসরকারি স্কুল কলেজ | ১. বেসরকারি স্কুল কলেজ এমপিওভুক্তকরণ প্রক্রিয়া এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে।<br>২. ৬৪ টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি প্রকল্প এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে। | ৬৪ টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি প্রকল্প এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়। | চূড়ান্তকৃত টপিকের ওপর প্লান প্রণয়নপূরবক যথাসময়ে বিশেষ নিরীক্ষা কার্য সম্পাদন করতে হবে। |

| ক্র. নং | অডিট অধিদপ্তরের নাম | প্রেরিত টপিক | প্রাথমিকভাবে সুপারিশকৃত টপিক | চূড়ান্তকৃত টপিক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১০. | ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য ও প্রযুক্তি অডিট অধিদপ্তর | ১. বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর সম্পদ ব্যবস্থাপনার উপর বিশেষ অডিট<br>২. বিটিআরসি এর<br>ক. রাজস্ব আদায় ও Monitoring System (TMS) কার্যক্রম<br>খ. তরঙ্গ বরাদ্দ ও ব্যবস্থাপনা<br>৩. বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন প্রকল্পের ক্রয়কার্যক্রম ও উদ্দেশ্য বাস্তবায়ন<br>৪. বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ প্রকল্পের ক্রয়কার্যক্রম ও উদ্দেশ্য বাস্তবায়ন<br>৫. টেলিযোগাযোগ সুবিধাবঞ্চিত এলাকাসমুহে ব্রডব্যান্ড কানেকটিভিটি স্থাপন প্রকল্পের ক্রয়কার্যক্রম ও উদ্দেশ্য বাস্তবায়ন<br>৬. হার পাওয়ার: প্রযুক্তি সহায়তায় নারীর ক্ষমতায়ন (১ম সংশোধিত) প্রকল্পের ক্রয়কার্যক্রম ও উদ্দেশ্য বাস্তবায়ন<br>৭. নভোথিয়েটার, রংপুর স্থাপন প্রকল্পের ক্রয়কার্যক্রম ও উদ্দেশ্য বাস্তবায়ন | ১. বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর সম্পদ ব্যবস্থাপনার ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে।<br>২. হার পাওয়ার: প্রযুক্তি সহায়তায় নারীর ক্ষমতায়ন (১ম সংশোধিত) প্রকল্প এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়েছে। | হার পাওয়ার: প্রযুক্তি সহায়তায় নারীর ক্ষমতায়ন (১ম সংশোধিত) প্রকল্প এর ওপর বিশেষ নিরীক্ষা সম্পাদনের প্রস্তাব গৃহীত হয়। | চূড়ান্তকৃত টপিকের ওপর প্লান প্রণয়নপূর্বক যথাসময়ে বিশেষ নিরীক্ষা কার্য সম্পাদন করতে হবে। |

শর্তাবলি:

১. চূড়ান্তকৃত টপিকের ওপর যথাসময়ে কমপ্লায়েন্স অডিট কার্যক্রম এর পাশাপাশি পারফরমেন্স অডিট সংক্রান্ত ইস্যুগুলোও অন্তর্ভুক্ত করতে হবে;

২. যথাসময়ের মধ্যে অডিট প্ল্যান, ডাটা কালেকশন, মাঠ পর্যায়ে নিরীক্ষা সম্পাদনসহ রিপোর্ট প্রণয়ন করতে হবে;

বিবিধ:

১. প্রতি বছর নিরীক্ষার ক্ষেত্রে অধিক গুরুত্বপূর্ণ এনটিটি/কস্ট সেন্টারগুলোকে প্রাধান্য দিতে হবে। কম গুরুত্বপূর্ণ ইউনিটসমূহকে ২/৩ বছর পরপর নিরীক্ষার আওতায় আনা যেতে পারে। এছাড়া একটি প্রতিষ্ঠানে একই বছরে বিভিন্ন

২. নিরীক্ষা কার্যক্রম ও ইহার আউটপুট যাতে করে স্টেক হোল্ডারদের কাছে গ্রহণযোগ্য ও নির্ভরযোগ্য হয় এবং দেশ গঠনে ভূমিকা রাখতে পারে সে লক্ষ্যে কাজ করে যেতে হবে।

৩. নিরীক্ষা কার্যক্রমের যেকোন পর্যায়ে নেগেটিভলি ফোকাস হয় এমন ঘটনা যেন না ঘটে সে বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪. প্রকিউরমেন্ট সংক্রান্ত বিষয়ে কার্যকর অডিট করার লক্ষ্যে ই-জিপির অডিট মডিউল এর ওপর পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

৫. অডিট এবং অডিটি প্রতিষ্ঠানের মধ্যে অডিট সংক্রান্ত কার্যক্রমের বিভিন্ন কনফিউশন দূর করা এবং আন্ত যোগাযোগ বৃদ্ধির জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সংখ্যা বাড়াতে হবে।

৬. প্রযোজ্য ক্ষেত্রে অডিটের সকল পর্যায়ে মহাপরিচালক ও পরিচালকগণকে নিরীক্ষা দলের সকল নেতিবাচক কর্মকান্ডের দায়িত্ব নিতে হবে।

৭. ২০২৫-২০২৬ নিরীক্ষা বছরের ২য় অর্ধবার্ষিকীর মাঠ পর্যায়ে নিরীক্ষা শুরু হওয়ার পূর্বেই নিরীক্ষা সংক্রান্ত সব ধরনের কার্যক্রমের আপডেট করতে হবে।

৮. কোয়ালিটি সম্পন্ন অডিট রিপোর্ট নিশ্চিত করতে হবে।

৯. কর্মকর্তা/কর্মচারীদের পারফরমেন্সকে ফোকাস করে অডিট টিমে অন্তর্ভুক্ত করতে হবে।

১০. সকল ক্ষেত্রেই সিএজি কার্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা/সিদ্ধান্তসমূহ সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদেরকে যথাসময়ে Disseminate করতে হবে।

২৬/২/২৬

(মো সোহেল রানা)
অ্যাডিশনাল ডেপুটি সিএজি (সংসদ)
ফোন: ০২-২২২২২১১৯৮

নং- ৮২.০০.০০০০.০০০.০৬২.৯৯.০০৫৭.২৫-৩০

তারিখ: ২৬.০২.২০২৬ খ্রি.

সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাণিজ্যিক অডিট/ রাজস্ব অডিট/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/ স্বাস্থ্য অডিট/ কৃষি ও পরিবেশ অডিট / সামাজিক নিরাপত্তা অডিট/ সিভিল অডিট/ পরিবহন অডিট/ স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট/ শিক্ষা অডিট/ পূর্ত অডিট/ বিদ্যুৎ ও জ্বালানী অডিট অধিদপ্তর/ সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট/ প্রতিরক্ষা অডিট/আইটি ও জনসেবা অডিট/ মিশন অডিট/ ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট অধিদপ্তর, ঢাকা।

২. অ্যাডিশনাল ডেপুটি সিএজি (একিউএসি/প্রশাসন/সংসদ/পরীক্ষা ও পরিদর্শন/পদ্ধতি/পার্সোনেল), সিএজি কার্যালয়, ঢাকা।

৩. পরিচালক (আরএন্ডডি/এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা।

৪. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।

৫. সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রিপোর্ট-১/রিপোর্ট-২/হিসাব/সংসদ/রি-অর্গান), সিএজি কার্যালয়, ঢাকা।

৬. উপপরিচালক (এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা।

৭. পিএস ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।

৮. পিএ ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর/পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।

৯. অফিস কপি।

২৬/০২/২৬

(মঞ্জুর আহম্মদ)